

যুগান্তর

তারিখ .. 27 AUG 2007 ...
পৃষ্ঠা - ৩ - অঙ্গন - ৫

৩১/০৮/০৭

মাদ্রাসা শিক্ষা বোর্ডে আলিমে পাসের হার ৭৪.৮১

যুগান্তর রিপোর্ট

সাত শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার পাশাপাশি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফলও রোববার একযোগে প্রকাশিত হয়েছে। প্রাপ্ত ফলাফলে এবার আলিম পরীক্ষায় পাসের হার ৭৪ দশমিক ৮১ ভাগ, ফাজিলে ৭৮ দশমিক ৩৬ ও কামিলে সর্বোচ্চ আলিমে : পৃষ্ঠা ১০ : কলাম ৪

আলিমে : মাদ্রাসা (১ম পৃষ্ঠার পর)

৯৭ দশমিক ৩৭ ভাগ ছাত্রছাত্রী পাস করেছে। এবারের ফলাফলে গতবারের চেয়েও ভালো করেছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। গতবার আলিমে ৭৪ দশমিক ৬০, ফাজিলে ৭৮ দশমিক ৫১ ও কামিলে ৯৪ দশমিক ৬৪ ভাগ ছাত্রছাত্রী পাস করেছিল। মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান দাবি করেছেন, শিক্ষার মানোন্নয়ন এবং ফলাফলের ব্যাপারে বোর্ড থেকে কড়াকড়ি আরোপের ফলে এই ফলাফল সম্ভব হয়েছে। চলতি বছরের মে-জুন মাসে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় সর্বমোট ৫১ হাজার ৬২৩ জন ছাত্রছাত্রী অংশ নিয়ে ৩৮ হাজার ৬১৮ জন কৃতকার্য হয়। ফাজিলে ১৮ হাজার ৭০৩ জন অংশগ্রহণ করে ১৪ হাজার ৬৫৫ জন ও কামিলে ১০ হাজার ১৯৬ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে ৯ হাজার ৯২৮ জন উত্তীর্ণ হয়। এর মধ্যে আলিমে উত্তীর্ণ ২৬ হাজার ৭০২ জন ছাত্র, ১১ হাজার ৯১৬ জন ছাত্রী। ফাজিলে ১১ হাজার ৪৬৪ জন ছাত্র, ৩ হাজার ১৯১ জন ছাত্রী। কামিলে উত্তীর্ণ ৯ হাজার ৯২৮ জনের মধ্যে ৮ হাজার ৬৯৭ জন ছাত্র ও ১ হাজার ২৩১ জন ছাত্রী। প্রকাশিত ফলাফলে আলিমে জিপিএ-৫ পেয়েছে ৯৩০ জন; এর মধ্যে ৭৯০ জন ছাত্র ও ১৪০ জন ছাত্রী; গতবছর আলিমে জিপিএ-৫ পেয়েছিল ৪১২ জন। অন্যদিকে ফাজিলে ৭ হাজার ১১১ জন ও কামিলে ৫ হাজার ১৬২ জন প্রথম বিভাগ পেয়েছে।